

NJ Health
New Jersey Department of Health

# গর্ভাবস্থা, প্রজনন ক্ষমতা এবং কোভিড-19 টিকা

## আপনি যদি গর্ভবতী হন, গর্ভধারণের পরিকল্পনা করে থাকেন অথবা শিশুকে বুকের দুধ খাওয়ান, তাহলে কোভিড-19 টিকা নিন।

- গর্ভাবস্থায় টিকা নিলে তা দেহে অ্যান্টিবডি (সুরক্ষা) তৈরি করতে সাহায্য করে যা আপনাকে এবং আপনার শিশুকে সুস্থ ও সুরক্ষিত রাখতে সহায়তা করতে পারে।
- কোভিড-19-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়া প্রায় 90% শিশুর মায়েরা গর্ভাবস্থায় কোভিড-19 টিকা নেননি।[1]

## গর্ভবতী মহিলাদের জন্য কোভিড-19 আরও বিপজ্জনক।

- গর্ভবতী মহিলাদের গর্ভাবস্থাকে প্রভাবিত করতে পারে এমন জটিলতার ঝুঁকি বেশি থাকে, যেমন অকাল প্রসব হওয়া (37 সপ্তাহের আগে প্রসব হওয়া) এবং গর্ভপাত (গর্ভপাত হওয়া)।

## গর্ভাবস্থা চলাকালীন যে কোনো সময় কোভিড-19 টিকা নিন।

- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং অন্যান্য চিকিৎসা সংস্থা গর্ভাবস্থা চলাকালীন যে কোনো সময় টিকা নেওয়ার পরামর্শ দেয়।
- গর্ভবতী মহিলারা একই সাথে কোভিড-19 টিকা এবং ফ্লুয়ের টিকা নিতে পারেন।

## কোভিড-19 টিকা DNA-কে প্রভাবিত করে না বা গর্ভবতী হওয়ার বা প্রজনন ক্ষমতার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করে না।

- কোভিড-19 টিকা আমাদের DNA-কে প্রভাবিত করে না বা তার সাথে মিশে যায় না।
- যারা গর্ভবতী হওয়ার প্রয়াস করছেন তাদের জন্যও এটি নিরাপদ।

## কোভিড-19 টিকা খুঁজতে এবং আরও তথ্যের জন্য:

- nj.gov/health/vaccines/covid-19 দেখুন বা QR কোডটি স্ক্যান করুন।
- **vaccines.gov দেখুন।**
- **1-800-232-0233 নম্বরে CDC তথ্য লাইনে কল করুন।**
- **cdc.gov/covid/vaccines/pregnant-or-breastfeeding.html দেখুন।**



[1] kffhealthnews.org/news/article/covid-coronavirus-vaccine-shot-pregnancy-babies-protection

জানুয়ারি 2025-এ আপডেট করা হয়েছে